

“শেখ হাসিনা বারতা  
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

স্মারক নং- ৩২.০১.০০০০.০০৩.১৪.০৩১.১৮(অংশ-১)- ২৫৪১

তারিখঃ ১৯.০৭.২০২২খ্রিঃ

বিষয়ঃ “কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্পের ফিল্ড সুপারভাইজরগণের ক্লাব পরিদর্শন প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্পে ইতোমধ্যে সারাদেশে ৪৮৮৩টি কিশোর-কিশোরী ক্লাব স্থাপন করা হয়েছে। ক্লাবের কার্যক্রম পরিদর্শনের জন্য জেলা প্রতি ০১ বা তার অধিক ফিল্ড সুপারভাইজর কর্মরত আছেন। ফিল্ড সুপারভাইজরদের ক্লাব কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ৬৪টি মোটরসাইকেল বরাদ্দ দেয়া হয়েছে এবং জ্বালানি বাবদ বরাদ্দ দেয়া হচ্ছে। তাদের দায়িত্বাধীন ক্লাব সমূহে পরিদর্শন পরবর্তী প্রতিবেদন প্রস্তুত পূর্বক সংশ্লিষ্ট জেলার উপপরিচালকের মাধ্যমে প্রতি মাসের প্রথম ০৫ (পাঁচ) কর্ম দিবসের মধ্যে বিনা ব্যর্থতায় নিম্নোক্ত ই-মেইল আইডিতে [kkcpadmn@gmail.com](mailto:kkcpadmn@gmail.com) প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট ফিল্ড সুপারভাইজরগণকে নির্দেশনা প্রদান করার জন্য বলা হলো। পরিদর্শন প্রতিবেদনে নিম্নবর্ণিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকতে হবে।

- ০১। পরিদর্শনকৃত ক্লাবের নাম ও ঠিকানা:
- ০২। ক্লাব পরিদর্শনের ধারণকৃত ছবি (সফট কপি)
- ০৩। পরিদর্শনকৃত ক্লাবের সমস্যাসমূহ (সংক্ষিপ্ত আকারে প্রকাশ করুন)
- ০৪। কিশোর-কিশোরীদের জন্য বিতরণকৃত নাস্তার বিবরণ
- ০৫। জেন্ডার প্রোমোটারের নাম ও মোবাইল নম্বর।
- ০৬। সংগীত/আবৃত্তি শিক্ষকের নাম ও মোবাইল নম্বর।
- ০৭। ক্লাব কো-অর্ডিনেটরের নাম ও মোবাইল নম্বর।
- ০৮। মোট উপস্থিত ক্লাব সদস্যদের সংখ্যা।
- ০৯। মতামত/সুপারিশ (সংক্ষিপ্ত আকারে প্রকাশ করুন)

বিতরণ:

- ০১। উপ-পরিচালক,  
মহিলা বিষয়ক অধিদপ্তর (সকল)
- ০২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)

মোঃ তরিকুল আলম  
অতিরিক্ত সচিব

প্রকল্প পরিচালক (অ:দা:)  
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প  
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
- ৩। প্রোগ্রাম অফিসার, প্রশাসন-১, ওয়েবসাইট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ) মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ৪। ফিল্ড সুপারভাইজর, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প (সকল)
- ৫। অফিস কপি।